চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৮ জুলাই'২০২১খ্রি.

ইমাম-মোয়াজ্জিনদের সম্মানীভাতা প্রদানকালে মেয়র
ইমাম-মোয়াজ্জিনরা হচ্ছেন সমাজের কর্ণধার

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, ইমাম ও মোয়াজ্জিনরা হচ্ছেন সমাজের কর্ণধার। মানুষের মাঝে সামাজিক ও নৈতিকতাবোধ সৃষ্টিতে ভূমিকা রাখার পাশাপাশি নগরীকে আলোকিত করতে যে সেবা দিয়ে যাচ্ছেন সেজন্য চসিক থেকে আপনাদের যে সম্মানী দেয়া হচ্ছে তা সেবার তুলনায় নগন্য। এই সেবার কারণে চসিকের অনেক অর্থ সাশ্রয় হচ্ছে এবং নগরবাসীরা তাদের প্রাপ্য সেবা থেকে বঞ্চিত হচ্ছে না। তিনি আরো বলেন, সমাজের মানুষ আপনাদের কথার গুরুত্ব দেয়। আপনারা যদি প্রতি ওয়াক্ত নামাজের সময় করোনা অতিমারি থেকে সুরক্ষার জন্য মুসল্লীদের স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য নছিয়ত করেন তাহলে এলাকার মানুষ সচেতন হবে এবং স্বাস্থ্যবিধি মেনে চলবে। আজ রবিবার সকালে নগরীর থিয়েটার ইনিস্টিটিউটে ইমাম মোয়াজ্জিনদের চসিকের সড়ক বাতির সুইচ অন/অফ কারীদের সম্মানিভাতা প্রদান অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

পানি,বিদ্যুৎ স্থায়ী কমিটির সভাপতি কাউন্সিলর মো. মোরশেদ আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম, প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দীন, কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, মো. ওয়াসিম উদ্দিন চৌধুরী, সংরক্ষিত কাউন্সিলর রুমকী সেনগুপ্ত, আঞ্জুমান আরা বেগম, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ) ঝুলন কুমার দাশ, প্রকৌশলী রেজাউল বারী।

মেয়র বলেন, জলাবদ্ধতা যাতে নাগরিক দুর্ভোগ না বাড়ায় সেইজন্য চসিক সচেষ্ট, মেগাপ্রকল্প বাস্তবায়নের স্বার্থে খাল সমূহের যে সকল অংশে বাঁধ/ব্লক দেয়া হয়েছে সে কারণে জলাবদ্ধতার সৃষ্টি এইমুহূর্তে বড় কারণ হয়ে দাঁড়িয়েছে। খাল-নালা-নর্দমায় পলিথিন, প্লাষ্টিক ও আবর্জনায় স্তুপ হওয়ায় জলাবদ্ধতা সৃষ্টি হয়ে জনদুর্ভোর্গ বেড়েছে। তাই নগরবাসীকে এ ব্যাপারে সচেতনার সৃষ্টির ক্ষেত্রে আপনাদের ভূমিকা থাকলে নগর পরিচ্ছন্ন ও জলজট মুক্ত থাকবে। মেয়র করোনার টিকা নিবন্ধন সম্পন্ন করে টিকা গ্রহণে মানুষকে উদ্বুদ্ধ করার আহ্বান জানান। তিনি অনুষ্ঠানে ১৪০০ জন ইমাম-মোয়াজ্জিন-পুরোহিতদের মাঝে ৩৫ লাখ টাকা সম্মানীভাতা প্রদান করেন।

ফিরিঙ্গীবাজার ওয়ার্ডে প্রধানমন্ত্রীর উপহার বিতরণকালে মেয়র
করোনাকালে কর্মচ্যুত মানুষের
দুর্ভোগ লাঘবে পাশে দাঁড়াতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, সরকারকে বাস্তব পরিস্থিতি বিবেচনায় লকডাউন শিথিল ও কঠোর করতে হচ্ছে। এতে অনেকের কষ্ট হচ্ছে, জীবিকার পথ বন্ধ হতে যাচ্ছে। তবে জীবন বাঁচাতে হলে নিজের ও পরিবারের সুরক্ষা নিশ্চিত করা দরকার। সাময়িক এই কষ্ট লাঘবে প্রধানমন্ত্রী শেখ হাসিনার এই উপহার যথেষ্ট না হলেও আপাতত: স্বস্তিদায়ক। আমরাও সাধ্যমত চেষ্টা করবো করোনাকালে কর্মচ্যুত মানুষের দুর্ভোগ লাঘবে পাশে দাঁড়াতে। আজ সকালে ৩৩ নং ফিরিঙ্গীবাজার ওয়ার্ডে প্রধানমন্ত্রীর উপহার ও ত্রাণ সহায়তা প্রদানকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব'র সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দীন, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর লুৎফুন্নেছা দোভাষ বেবী, ওয়ার্ড আওয়ামী লীগ সাধারণ সম্পাদক রফিকুল হোসেন বাচ্চু, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, মঞ্জুর আলম, হাজী নাছির আহমেদ, আবদুল মাবুদ, সাইফুদ্দীন আহম্মদ, ওসমান গণি বাবুল, মিজানুর রহমান প্রমুখ।

উত্তর কাট্টলী ওয়ার্ডে প্রধানমন্ত্রীর উপহার বিতরণকালে মেয়র
মানবিকতা বোধ জাগ্রত করতে পারলে কেউ অভুক্ত থাকবে না

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, করোনাকালে নগরীর নিম্ন আয়ের প্রতিটি বিপন্ন মানুষের হাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার সামগ্রী প্রদান উদ্যোগ আপদকালীন পরিস্থিতিতে মানবিকতা বোধ সবার মাঝে জাগ্রত হচ্ছে। সম্প্রতিকালে কঠিন সময়গুলোতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কাউকে যাতে অভুক্ত থাকতে না হয় সেজন্য যে মানবিক প্রয়াস চালিয়ে যাচ্ছেন তা সারাবিশ্বে প্রশংসিত। আজ দুপুরে ১০নং উত্তর কাট্টলী ওয়ার্ডে প্রধানমন্ত্রীর উপহার (খাদ্য) বিতরণকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

ওয়ার্ড কাউন্সিলর ড. নিছার উদ্দীন আহমেদ মঞ্জু'র সভাপতিত্বে অনুষ্ঠিত ত্রাণ বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দীন, সংরক্ষিত কাউন্সিলর তসলিমা নূরজাহান রুবি, ওয়ার্ড আওয়ামী লীগ নেতা সুলতান আহমদ চৌধুরী, গিয়াস উদ্দীন জুয়েল, ইকবাল চৌধুরী, মো. হারুনর রশীদ, আবু সুফিয়ান, হাবিবুর রাসেল হাবিব, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম প্রমুখ।

মেয়র আরো বলেন, করোনার দ্বিতীয় ঢেউয়ের বিরূপ প্রভাবে পরিস্থিতি ক্রম অবনতিশীল। যে কোনভাবে সমন্বিত উদ্যোগ ও সচেতনাতায় পরিস্থিতি নিয়ন্ত্রণে রেখে সামাল দেয়ার দুর্জয় হিম্মত অর্জন করতে হবে।

পশ্চিম মাদারবাড়ি ওয়ার্ডে প্রধানমন্ত্রীর উপহার বিতরণকালে মেয়র
বিপন্ন মানবতা পাশে থাকতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, করোনা ছোবলে পর্যুদুস্ত বাংলাদেশ প্রাথমিক ধাক্কা কাটিয়ে ঘুরে দাঁড়ালেও দ্বিতীয় ঢেউ আরও বড় বিপদ হয়ে ফণা তুলেছে। এতে আতঙ্কের কিছু নেই, সাহস না হারিয়ে আবারও ঘুরে দাঁড়াবার শক্তি সঞ্চয় করতে পারলেই আমরা অবশ্যই বিজয়ী হবো। আজ বিকেলে পশ্চিম মাদারবাড়ি ওয়ার্ডে প্রধানমন্ত্রীর উপহার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে তিনি এ কথা বলেন।
ওয়ার্ড কাউন্সিলর গোলাম মোহাম্মদ জোবায়ের’র সভাপতিত্বে অনুষ্ঠিত সভা বক্তব্য রাখেন সাবেক কাউন্সিলর ও ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি আলী বক্স, সহ-সভাপতি নুরুল আবছার, সাধারণ সম্পাদক আবদুল হামিদ ও মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম প্রমুখ।

চসিকের ভ্রাম্যমান আদালত পরিচালিত
নগরীর বিভিন্ন এলাকায় অবৈধভাবে পশু বিক্রির দায়ে
৫৮ হাজার ৫ শত টাকা জরিমানা আদায়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ রোববার নগরীর বিভিন্ন এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী ও স্পেশাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌসের নেতৃত্বে নগরীর পাহাড়তলী থানার সরাইপাড়া, পূর্ব নাসিরাবাদ, ঈদগাঁ, নয়াবাজার ও সাগরিকা মোড় এলাকায় অস্থায়ী খাইনে অবৈধভাবে কোরবানীর পশু বিক্রির বিরুদ্ধে অভিযান পরিচালিত হয়। এই সময় অবৈধভাবে খাইন বানিয়ে পশু বিক্রির দায়ে খাইন মালিকের বিরুদ্ধে ২২টি মামলা রুজু পূর্বক ৫৮ হাজার ৫ শত টাকা জরিমানা করা হয় এবং দ্রুত সময়ের মধ্যে পার্শ্ববর্তী নির্ধারিত কোরবানীর হাটে পশুগুলি নিয়ে যাওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়। একই অভিযানে সাগরিকা গরুর বাজারে করোনাভাইরাস প্রতিরোধকল্পে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরন করা হচ্ছে কিনা তা মনিটরিং করা হয়। অভিযানকালে ম্যাজিস্টেট পথচারীদের মাঝে মাস্ক বিতরণ করেন এবং নগরবাসীকে স্বাস্থ্যবিধি মেনে চলার নির্দেশনাও প্রদান করে। অভিযানে ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা করেন সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ সদস্য বৃন্দ।

সংবাদদাতা
স্বাক্ষরিত/-
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩